

নবীদের কাহিনী

বিভাগ/অধ্যায়ঃ ১. হ্যরত আদম (আলাইহিস সালাম) রচয়িতা/সঙ্কলকঃ ডঃ মুহাম্মাদ আসাদুল্লাহ আল-গালিব

মৃত্যু ও বয়স

রাসূলুল্লাহ (ছাঃ) বলেন, 'তোমাদের দিনগুলোর মধ্যে সর্বাপেক্ষা উত্তম দিন হ'ল জুম'আর দিন। এ দিনেই আদমকে সৃষ্টি করা হয়েছে, এ দিনেই তার মৃত্যু হয়েছে এবং এ দিনেই ক্নিয়ামত সংঘটিত হবে...'।[38] আদম (আঃ)-কে এক হাযার বছর বয়স দেওয়া হয়েছিল। রূহের জগতে দাউদ (আঃ)-এর সৌন্দর্যে মুগ্ধ হয়ে তিনি নিজের বয়স থেকে ৪০ বছর তাকে দান করেন। ফলে অবশিষ্ট ৯৬০ বছর তিনি জীবিত ছিলেন।[39]

ফুটনোট

[38]. মুওয়াত্ত্বা, আবুদাউদ, তিরমিয়া, নাসাঈ, মিশকাত হা/১৩৫৯; সনদ ছহীহ, 'ছালাত' অধ্যায় 'জুম'আ' অনুচ্ছেদ।

[39]. তিরমিয়ী, মিশকাত হা/১১৮ 'তারুদীরে বিশ্বাস' অনুচ্ছেদ; সনদ ছহীহ, তিরমিয়ী হা/৩০৭৬ 'তাফসীর সূরা আ'রাফ'। একই হাদীছ মিশকাত হা/৪৬৬২ 'শিষ্টাচার' অধ্যায় 'সালাম' অনুচ্ছেদে এসেছে। যেখানে 'আদম তার বয়স থেকে ৬০ বছর দান করেন' বলা হয়েছে। তিরমিয়ী হাদীছটিকে 'হাসান গরীব' বলেছেন ছাহেবে মিরকাত ও ছাহেবে তোহফা উভয়ে বলেন যে, '৪০ বছর দান করার হাদীছ অগ্রগণ্য (كرجح) াি দ্রঃ তুহফাতুল আহওয়ায়ী হা/৫০৭২-এর ব্যাখ্যা।

Source — https://www.hadithbd.com/books/link/?id=2170

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন